গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-১৮০

**গণভোটের প্রচারে আগামীকাল রাজশাহীতে তথ্য ও সম্প্রচার সচিবের দিনব্যাপী কর্মসূচি**

রাজশাহী, ২৮ পৌষ (১২ জানুয়ারি):

গণভোটের প্রচার ও ভোটার উদ্বুদ্ধকরণের উদ্দেশ্যে আগামীকাল মঙ্গলবার (১৩ জানুয়ারি) রাজশাহীতে বিভিন্ন কর্মসূচিতে অংশ নেবেন তথ্য ও সম্প্রচার সচিব মাহবুবা ফারজানা।

ওইদিন সকাল দশটায় সচিব রাজশাহী সরকারি মহিলা কলেজ অডিটোরিয়ামে নারী ভোটারদের জন্য অনুষ্ঠিত 'গণভোট ও নির্বাচন ২০২৬ প্রচারণা' শীর্ষক অনুষ্ঠানে এবং বেলা সাড়ে এগারোটায় একই শিরোনামে রাজশাহী সরকারি কলেজে ফার্স্ট ভোটারদের (প্রথমবারের মতো ভোটার) জন্য আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

বিকাল তিনটায় তথ্য ও সম্প্রচার সচিব গণভোট ও জাতীয় সংসদ নির্বাচন ২০২৬ উপলক্ষ্যে পবা উপজেলার পারিলা ইউনিয়নের পুড়াপুকুর গ্রামে অনুষ্ঠিত উঠান বৈঠকে অংশগ্রহণ করবেন।

.........................................................
রুহুল/তৌহিদ/আতিক/হালিম/২০২৬/১০:৩০ ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd